# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

## এইচএসসি পরীক্ষা-২০২১ এর ফরম পূরণের বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নম্বর- রাশিবো/উমা/পনি-**২১৬** তারিখ: ১৬ শ্রাবণ ১৪২৮ বঙ্গাব্দ / ৩১ জুলাই ২০২১ খ্রিস্টাব্দ

**সূত্র :** স্মারক নম্বর: ১৭৮/উ:মা:পরী:/৭৪(অংশ-১)/৮৩৭, তারিখ : ৩১/০৭/২০২১ খ্রি:

এতদ্বারা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী এর আওতাধীন উচ্চ মাধ্যমিক পর্যায়ের সকল প্রতিষ্ঠান প্রধান এবং সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে, বিশ্বব্যাপী কোভিড-১৯ অতিমারীর কারণে যথাযথ স্বাস্থ্যবিধি মেনে ঘরে বসে ২০২১ সালের এইচএসসি পরীক্ষার ফরম পূরণ ও পরীক্ষার ফি সম্পূর্ণরূপে Online এ প্রদান করতে হবে। **কোন অবস্থাতেই পরীক্ষার্থী বা তার অভিভাবককে প্রতিষ্ঠানে স্বশরীরে আসতে বলা যাবে না**, প্রয়োজনে মোবাইল ফোনে যোগাযোগ করতে হবে। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী এর অধীনে ২০২১ সালে অনুষ্ঠিতব্য উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট(এইচএসসি) পরীক্ষার Online এ ফরম পূরণ, প্রয়োজনীয় ফি প্রদান করার নিয়মাবলি ও তারিখ নিম্নে উল্লেখ করা হলো:

১. (ক) এইচএসসি পরীক্ষা ২০২১ উপলক্ষ্যে কোন নির্বাচনী পরীক্ষা অনুষ্ঠিত হবে না এবং এ সংক্রান্ত কোন ফি আদায় করা যাবে না।

(খ) কেবল বৈধ রেজিস্ট্রেশনধারী শিক্ষার্থীগণ আবেদন ফরম পূরণ করতে পারবে। কোন পরীক্ষার্থী তার রেজিস্ট্রেশন বহির্ভূত কোন বিষয়/বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করলে উক্ত বিষয়/বিষয়সমূহের পরীক্ষা কোনরূপ যোগাযোগ ছাড়াই বাতিল করা হবে।

(গ) নিয়মিত, অনিয়মিত, আংশিক বিষয়ে অকৃতকার্য, শুধু আবশ্যিক বিষয়ে অকৃতকার্য, প্রাইভেট পরীক্ষার্থী, জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী অর্থাৎ **সকল ধরনের পরীক্ষার্থীকে অবশ্যই ফরম পূরণ করতে হবে**। ফরম পূরণ ব্যতিত পরীক্ষার্থীর ফলাফল প্রকাশের সুযোগ নেই।

(ঘ) পরীক্ষার্থী বা তার অভিভাবক এ বছর সোনালী ব্যাংকের মোবাইল অ্যাপ সোনালী ই-সেবা(**Sonali eSheba**) এর মাধ্যমে ঘরে বসেই বোর্ড ফি, কেন্দ্র ফি এবং প্রতিষ্ঠানের পাওনা পরিশোধ করবে এবং পরীক্ষার ফি পরিশোধের মাধ্যম হিসেবে **Nagad, bKash, Rocket, Upay, Sonali eWallet** ইত্যাদি ব্যবহার করা যাবে। **ফি পরিশোধ করার বিস্তারিত বিবরণ ও নির্দেশিকা বোর্ডের ওয়েবসাইটে থাকবে। সোনালী ব্যাংক ও সংশ্লিষ্ট মোবাইল ফিনান্সিয়াল সার্ভিস (MFS) প্রদানকারী প্রতিষ্ঠান যেমন- Nagad, bKash, Rocket, Upay ফি পরিশোধ সংক্রান্ত নিয়মাবলী বিভিন্ন প্রচার মাধ্যমে প্রচার করবে।**

২. Online এ শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা (Probable List) প্রদর্শন: শিক্ষার্থীদের তথ্য সম্বলিত সম্ভাব্য তালিকা রাজশাহী শিক্ষা বোর্ডের ওয়েবসাইট **(www.rajshahieducationboard.gov.bd)** এ **১১/০৮/২০২১** তারিখে প্রকাশ করা হবে। নিম্নবর্ণিত প্রক্রিয়ায় উক্ত সম্ভাব্য তালিকা হতে **১২/০৮/২০২১ থেকে ২৫/০৮/২০২১** তারিখের মধ্যে **প্রতিষ্ঠান কর্তৃক** Online এ পরীক্ষার্থী নির্বাচন সম্পন্ন করতে হবে এবং পরীক্ষার্থী কর্তৃক **৩০/০৮/২০২১** তারিখের মধ্যে পরীক্ষার ফি প্রদান করতে হবে।

**৩. প্রতিষ্ঠানের করণীয়:**

(ক) প্রতিষ্ঠানসমূহ রাজশাহী বোর্ডের ওয়েবসাইটে প্রবেশ করে OEMS/eFF এ ক্লিক করে EIIN ও Password দিয়ে Login করে Probable List এ যেতে হবে এবং তালিকা Print করে হার্ডকপিতে লালকালি ব্যবহার করে টিক চিহ্ন দিয়ে পরীক্ষার্থী নির্ধারণ করতে হবে।

(খ) প্রতিষ্ঠানের বকেয়া পাওনা এবং মোবাইল নম্বর লেখার জন্য খালি ঘরে সঠিকভাবে হিসাব-নিকাশ করে নির্বাচিত প্রত্যেক পরীক্ষার্থীর প্রতিষ্ঠানের বকেয়া পাওনা (পাওনা না থাকলে '০' শূন্য টাকা) লিখতে হবে। সংশ্লিষ্ট পরীক্ষার্থী বা তার অভিভাবকের সচল মোবাইল নম্বর নিশ্চিত হয়ে সঠিকভাবে লিখতে হবে। **বকেয়া পাওনা প্রদান, মোবাইল নম্বর সংগ্রহ বা অন্য কোন কারণে স্বাস্থ্যবিধি মানার স্বার্থে পরীক্ষার্থী বা তার অভিভাবককে স্বশরীরে প্রতিষ্ঠানে আসতে বলা যাবে না।**

(গ) প্রয়োজনে EIIN ও Password দিয়ে পুনরায় Login করে উক্ত হার্ডকপি (মুদ্রণকৃত Probable List) তে টিক চিহ্নিত পরীক্ষার্থীর তথ্য **কম্পিউটারে** প্রদর্শনকৃত Probable List এর সাথে মিলিয়ে পরীক্ষার্থী নির্বাচন (Select) করতে হবে ।

(ঘ) ফরম পূরণ প্যানেলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীর প্রতিষ্ঠানের মোট বকেয়া পাওনা এন্ট্রি করতে হবে (বকেয়া পাওনা না থাকলে '০' টাকা এন্ট্রি করতে হবে) এবং পরীক্ষার্থীর/অভিভাবকের সচল মোবাইল নম্বর সঠিকভাবে এন্ট্রি করতে হবে । উল্লেখ্য, বোর্ড ফি ও কেন্দ্র ফি প্রদর্শন করাই থাকবে ফলে বোর্ড ফি ও কেন্দ্র ফি এন্ট্রি করার প্রয়োজন নেই।

(ঙ) বর্ণিত নিয়মে সকল পরীক্ষার্থীর প্রতিষ্ঠানের পাওনা ও সচল মোবাইল নম্বর এন্ট্রি করার পর Temporary List Print করে সঠিকভাবে যাচাই করার পর প্রয়োজন হলে প্যানেল থেকে Select/UnSelect করা যাবে এবং প্রতিষ্ঠানের পাওনা ও মোবাইল নম্বর এ পর্যায়ে সংশোধন করা যাবে।

(চ) সঠিকভাবে সংশোধন করার পর Send SMS বাটনে Click করতে হবে। সঙ্গে সঙ্গেই নির্বাচিত (Selected) পরীক্ষার্থীদের এন্ট্রিকৃত মোবাইল নম্বরগুলোতে SMS চলে যাবে। উল্লেখ্য, প্রতিষ্ঠান যে সকল পরীক্ষার্থীকে ফরম পূরণের জন্য নির্বাচিত করবে শুধু সে সকল পরীক্ষার্থীই ফরম পূরণের জন্য ফি জমা দিতে পারবে।

(ছ) প্রতিষ্ঠানের পাওনা বা মোবাইল নম্বর এন্ট্রিতে ভুল ধরা পড়লে সংশ্লিষ্ট পরীক্ষার্থী ফি পেমেন্ট না করা পর্যন্ত EDIT বাটনে Click করে প্রতিষ্ঠানের পাওনা বা মোবাইল নম্বর সংশোধন করা যাবে। সেক্ষেত্রে সংশোধন করার পর অবশ্যই **পুনরায় Send SMS বাটনে Click** করতে হবে। কোন পরীক্ষার্থী পেমেন্ট শেষ করলে আর সংশোধনের সুযোগ থাকবে না।

(জ) নির্ধারিত সময়ের মধ্যে কোন পরীক্ষার্থী ফি পরিশোধ করতে ব্যর্থ হলে তার ফরম পূরণ সম্পন্ন হয়নি বলে গণ্য হবে। তবে যে সকল পরীক্ষার্থী পেমেন্ট নিশ্চিত করেছে তাদের নামের পাশে প্রতিষ্ঠান 'PAID' দেখতে পাবে অন্যগুলো Pending দেখাবে। প্রতিষ্ঠান প্রয়োজনে "Unpaid Student List" বাটনে Click করে ফরম পূরণের নির্ধারিত শেষ তারিখের পূর্বে যে সকল পরীক্ষার্থী পেমেন্ট করে নাই তা দেখতে পাবে। প্রয়োজনে যারা পেমেন্ট করে নাই তাদের সাথে ফোনের মাধ্যমে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান যোগাযোগ করে ফরম পূরণ সম্পন্ন করবে।

(ঝ) এ পর্যায়ে নির্ধারিত সময়ের মধ্যে সকল পেমেন্ট হয়েছে কিনা প্রতিষ্ঠান তা নিশ্চিত করবে। ফি পরিশোধ করার নির্ধারিত তারিখের পর ফরম পূরণ কার্যক্রম শেষ হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে "Final Candidate List Print" বাটনে Click করে চূড়ান্ত তালিকা প্রিন্ট করে সংরক্ষণ করতে হবে। **চূড়ান্ত তালিকায় পরীক্ষার্থীর স্বাক্ষর নেয়ার প্রয়োজন নেই।**

(ঞ) প্রয়োজন হলে শিক্ষা প্রতিষ্ঠান নির্ধারিত সময়ের মধ্যে অবশিষ্ট ছাত্র/ছাত্রীদের মধ্য থেকে ফরম পূরণের কাজ একইভাবে সম্পন্ন করতে পারবে।

৪. **পরীক্ষার্থীর করণীয়:**

SMS এর মাধ্যমে **পরীক্ষার্থীর নাম, এইচএসসি'র রেজিস্ট্রেশন নম্বর, এসএসসি(SSC) রোল**, বোর্ড ফি, কেন্দ্র ফি ও প্রতিষ্ঠানের পাওনাসহ সর্বমোট ফি আলাদা আলাদাভাবে জানতে পারবে এবং পরীক্ষার ফি পরিশোধের জন্য একাধিক পদ্ধতিও দেখতে পাবে।

**পরীক্ষার ফি পরিশোধের পদ্ধতি:**

**(ক) SMS** এ প্রাপ্ত **LINK** ব্যবহার করে **অথবা** সোনালী ব্যাংকের সোনালী ই-সেবা(**Sonali eSheba**) অ্যাপ ব্যবহার করে সোনালী সেবা পেমেন্ট গেটওয়ের মাধ্যমে পরীক্ষার সর্বমোট ফি পরিশোধ করতে পারবে। এছাড়া বোর্ডের ওয়েবসাইটের Student Panel থেকেও সোনালী সেবা পেমেন্ট গেটওয়ের মাধ্যমে পরীক্ষার সর্বমোট ফি পরিশোধ করতে পারবে।

**(খ) উক্ত তিনটি পদ্ধতিতেই ঘরে বসে** সোনালী ব্যাংকের সোনালী ই-সেবা(**Sonali eSheba**) অ্যাপ ব্যবহার করে **Nagad, bKash, Rocket, Upay, Sonali eWallet** ইত্যাদি যে কোন একটির মাধ্যমে পরীক্ষার ফি প্রদান করতে পারবে। তাছাড়া যে কোন Visa, Master Card, American Express, Dbbl Nexus ব্যবহার করেও পরীক্ষার ফি প্রদান করা যাবে। এছাড়াও সোনালী ব্যাংকের একাউন্টধারীরা অনলাইন পেমেন্ট এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদান করতে পারবে।

**(গ)** এক্ষেত্রে সোনালী ব্যাংক এবং মোবাইল ফিনান্সিয়াল সার্ভিস(MFS) এর সার্ভিস চার্জও(বোর্ড কর্তৃক নির্ধারণকৃত) অপারেটর কেটে নিবে। যে অপারেটরের মাধ্যমে ফি পরিশোধ করা হবে সেই অপারেটরের সংশ্লিষ্ট একাউন্টে/ওয়ালেটে বোর্ড ফি, কেন্দ্র ফি ও প্রতিষ্ঠানের পাওনা এবং সার্ভিস চার্জসহ সর্বমোট টাকার ন্যূনতম ব্যালান্স থাকতে হবে।

**(ঘ)** পেমেন্ট করার পর পরীক্ষার্থীকে তার ফরম পূরণ সম্পন্ন হয়েছে মর্মে একটি SMS এর মাধ্যমে নিশ্চিত করা হবে। কোন কারিগরি ত্রুটির কারণে পরীক্ষার্থী SMS না পেলে বোর্ডের ওয়েবসাইটে Student Panel থেকে তার ফরম পূরণের Status যে কোন সময় দেখতে পাবে। **প্রতিষ্ঠানকর্তৃক নির্বাচিত পরীক্ষার্থীরাই ফরম পূরণের জন্য ফি জমা দিতে পারবে।**

**(বি.দ্র: নির্ধারিত সময়ের মধ্যে কোন পরীক্ষার্থী ফি পরিশোধ করতে ব্যর্থ হলে তার ফরম পূরণ সম্পন্ন হয়নি বলে গণ্য হবে।)**

৫. **ইলেক্ট্রনিক ফরম ফিলাপ eFF এর কার্যক্রমের সময়সূচি নিম্নে প্রদত্ত হলো :**

| ক্রমিক | কাজের বিবরণ | তারিখ |
|---|---|---|
| ক | রাজশাহী শিক্ষা বোর্ডের ওয়েব সাইটে শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা (Probable List) প্রদর্শন | ১১/০৮/২০২১ |
| খ | বোর্ডের ওয়েবসাইটে প্রদর্শিত সম্ভাব্য তালিকা (Probable List) হতে প্রতিষ্ঠান কর্তৃক অনলাইনে পরীক্ষার্থী নির্বাচন করার তারিখ<br>বি:দ্র: (১) নিয়মিত, অনিয়মিত, আংশিক বিষয়ে অকৃতকার্য, শুধু আবশ্যিক বিষয়ে অকৃতকার্য, প্রাইভেট পরীক্ষার্থী, জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীকে অবশ্যই ফরম পূরণ করতে হবে। **ফরম পূরণ ব্যতিত পরীক্ষার্থীর ফলাফল প্রকাশের সুযোগ নেই।**<br>(২) একই নামের একাধিক ছাত্র/ছাত্রী থাকলে প্রকৃত পরীক্ষার্থী নির্বাচন করার ক্ষেত্রে সর্বোচ্চ সতর্কতার সাথে নির্বাচন করতে হবে, যাতে প্রকৃত পরীক্ষার্থীর পরিবর্তে অন্য কোন শিক্ষার্থীর নাম নির্বাচিত না হয়। অনুরূপ ভুলের জন্য যাবতীয় দায় প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে। | ১২/০৮/২০২১<br>থেকে<br>২৫/০৮/২০২১ |
| গ | SMS প্রাপ্তির পর পরীক্ষার্থী কর্তৃক ফি প্রদান করার শেষ তারিখ | ৩০/০৮/২০২১ |

৬. যে সকল প্রতিষ্ঠানে English Version (ইংরেজি ভার্সনে) এ পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু পরীক্ষার্থী রয়েছে তাদের তালিকা নিম্নোক্ত ছক অনুযায়ী তৈরি করে এ বিজ্ঞপ্তি প্রকাশের ১০ (দশ) দিনের মধ্যে মূল কপি স্ক্যান করে controller@rajshahieducationboard.gov.bd ই-মেইল ঠিকানায় পাঠাতে হবে। অন্যথায় সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের পরীক্ষার্থীদের English Version এ পরীক্ষা গ্রহণ করা সম্ভব হবে না।

**"ছক"**

| ক্রমিক নং | বিষয়ের নাম | বিষয় কোড | শিক্ষাবর্ষ | মোট পরীক্ষার্থীর সংখ্যা |
|---|---|---|---|---|
| ১. | অর্থনীতি-১ম পত্র | ১০৯ | ২০১৯-২০২০ | ১০ |
| ২. | -- | -- | -- | -- |
| ৩. | -- | -- | -- | -- |

৭. **এক/দুই বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ সংক্রান্ত :**

(ক) যে সকল পরীক্ষার্থী ২০১৮/২০১৯ সালের এইচএসসি পরীক্ষায় এক বা একাধিকবার অংশগ্রহণ করে এক/দুই বিষয়ে (চতুর্থ বিষয় বাদে) অকৃতকার্য/অনুপস্থিত হয়েছিল, রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে তারা ২০২১ সালে অনুষ্ঠিতব্য এইচএসসি পরীক্ষায় অবশিষ্ট অকৃতকার্য/অনুপস্থিত বিষয়/বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে পরীক্ষার্থীগণ ইচ্ছা করলে এক/দুই বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ না করে নিয়মিত পরীক্ষার্থীর ন্যায় গ্রুপ ভিত্তিক তিনটি নৈর্বাচনিক বিষয়ের পরীক্ষার জন্য ফরম পূরণ করতে পারবে।

(খ) যে সকল পরীক্ষার্থী ২০১৮/২০১৯ সালের এইচএসসি পরীক্ষায় এক/দুই বিষয়ে অকৃতকার্য/অনুপস্থিত হয়ে ২০১৮/২০১৯ সালে এইচএসসি পরীক্ষায় ঐ এক/দুই বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণকালে বহিষ্কার অথবা অভিযুক্ত হয়েছে এবং শৃঙ্খলা কমিটির সিদ্ধান্ত মোতাবেক ২০১৮/২০১৯/২০২০ সালের পরীক্ষা বাতিল হয়েছে, রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে তারা ২০২১ সালের সকল বিষয়(গ্রুপভিত্তিক তিনটি নৈর্বাচনিক বিষয়)/এক/দুই বিষয়ের পরীক্ষার জন্য ফরমপূরণ করতে পারবে।

(বি:দ্র: **আবশ্যিক বিষয়ের কোন পরীক্ষা অনুষ্ঠিত হবে না তবে আবশ্যিক বিষয়ে অকৃতকার্য শিক্ষার্থীকেও ফরম পূরণ করতে হবে**। ব্যবহারিক পরীক্ষার মূল্যায়ন ব্যবহারিক নোটবুক হতে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রদান করা হবে)

৮. **২০২১ সালের এইচএসসি পরীক্ষায় ৪র্থ বিষয়ের সুবিধা সংক্রান্ত :**

পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালায় উল্লিখিত শিক্ষা মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং-শিম/শা:১০/৭ পরীক্ষা২(গ্রেডিং)/ ২০০২/৬১০, তারিখ: ০৪/০১/০৩ এর ১(ঞ) এ বর্ণিত নিয়ম মোতাবেক ২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীগণকে ৪র্থ বিষয়ের সুবিধা প্রদান করা হবে।

৯. **রেজিস্ট্রেশন ও সেশন সংক্রান্ত :**

(ক) ২০১৬-১৭ সেশনের পূর্বের রেজিস্ট্রেশনধারী কোন পরীক্ষার্থী ২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। তবে ২০১৫-১৬ সেশনের এক বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থী রেজিস্ট্রেশন নবায়ন করে এক বিষয়ের (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(খ) পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর ও বিষয় সম্পর্কে নিশ্চিত হয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সকল প্রতিষ্ঠান প্রধানকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

১০. **রেজিস্ট্রেশন নবায়ন সংক্রান্ত :**

(ক) যে সকল পরীক্ষার্থী ২০১৭, ২০১৮ ও ২০১৯ সালের এইচএসসি পরীক্ষার যে কোন এক বা একাধিক বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করে এক বিষয়ের (চতুর্থ বিষয় বাদে) পরীক্ষায় অকৃতকার্য হয়েছে এবং যে কোন কারণে তারা ২০১৮ ও ২০১৯ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারেনি অথচ তাদের ২০২০ সালে রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হয়ে গেছে তারাও অতিরিক্ত ১০০/-(একশত) টাকা নবায়ন ফি বোর্ড ফি'র সাথে পরিশোধ করে শুধু একবারের জন্য রেজিস্ট্রেশন নবায়নপূর্বক ২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(খ) রেজিস্ট্রেশন নবায়নকৃত পরীক্ষার্থীর নবায়ন ফি বাবদ অর্থ ফরম পূরণের (eFF) ফি এর সাথে গ্রহণ করা হবে বিধায় নবায়নকৃত পরীক্ষার্থীকে আলাদাভাবে নবায়ন ফি বাবদ অর্থ প্রদান করতে হবে না। তবে বিগত বছরের ন্যায় রেজিঃ কার্ডে বোর্ড থেকে নবায়ন সিল দেয়ার প্রয়োজন নেই।

বি.দ্র. : দুই বা ততোধিক বিষয়ে অকৃতকার্য থাকলে কখনই রেজিস্ট্রেশন নবায়ন করা যাবে না।

১১. **জিপিএ উন্নয়ন হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ সংক্রান্ত :**

(ক) রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে জিপিএ উন্নয়নের জন্য পরীক্ষার্থীরা পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার অব্যবহিত পরের বছরেই এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে; এক্ষেত্রে যে সকল পরীক্ষার্থী ২০২০ সালের এইচএসসি পরীক্ষায় জিপিএ ৫.০০ (পাঁচ) এর কম পেয়েছে তারা জিপিএ উন্নয়নের জন্য পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। তবে সেক্ষেত্রে সংশ্লিষ্ট পরীক্ষার্থীকে নিয়মিত পরীক্ষার্থীর ন্যায় নৈর্বাচনিক বিষয়ে পরীক্ষা দিতে হবে। জিপিএ উন্নয়নের ক্ষেত্রে রেজিস্ট্রেশন নবায়ন করা যাবে না।

(খ) এক/দুই বিষয়ের অকৃতকার্য যে সকল পরীক্ষার্থী ২০২০ সালের এইচএসসি পরীক্ষার ফরম পুরণ করে প্রবেশ পত্র পেয়েছে এবং উত্তীর্ণ হয়েছে তারা কখনই জিপিএ উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

১২. **নৈর্বাচনিক বিষয় ও সিলেবাস সংক্রান্ত :**

| বিষয় | সিলেবাসের বিবরণ |
|---|---|
| রসায়ন, পদাথবিজ্ঞান, জীববিজ্ঞান, উচ্চতর গণিত | রসায়ন, পদার্থবিজ্ঞান, জীববিজ্ঞান, উচ্চতর গণিত ১ম ও ২য় পত্রে ২০১৯-২০, ২০১৮-১৯, ২০১৭-১৮, ২০১৬-১৭, ২০১৫-১৬ (নবায়নকৃত) শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের জন্য ২০২১ সালের পুনর্বিন্যাসকৃত সিলেবাসও সময় বন্টন অনুযায়ী সৃজনশীল পদ্ধতিতে প্রশ্নপত্র প্রণীত হবে |
| পৌরনীতি ও সুশাসন,সমাজকর্ম, সমাজবিজ্ঞান, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, অর্থনীতি, যুক্তিবিদ্যা ও ভূগোল | পৌরনীতি ও সুশাসন, সমাজকর্ম, সমাজবিজ্ঞান, ইতিহাস, ইসলামের ইতিহাসও সংস্কৃতি, অর্থনীতি, যুক্তিবিদ্যা ও ভূগোল ১ম ও ২য় পত্রে ২০১৯-২০, ২০১৮-১৯, ২০১৭-১৮, ২০১৬-১৭, ২০১৫-১৬ (নবায়নকৃত) শিক্ষাবর্ষ এবং ২০২১ সালের প্রাইভেট পরীক্ষার্থীদের জন্য ২০২১ সালের পুনর্বিন্যাসকৃত সিলেবাস ও সময় বন্টন অনুযায়ী সৃজনশীল পদ্ধতিতে প্রশ্নপত্র প্রণীত হবে। |
| ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা, হিসাববিজ্ঞান, ফিন্যান্স ব্যাংকিং ও বিমা, উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন | ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা, হিসাববিজ্ঞান, ফিন্যান্স ব্যাংকিং ও বিমা এবং উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন ১ম ও ২য় পত্রে ২০১৯-২০, ২০১৮-১৯, ২০১৭-১৮, ২০১৬-১৭, ২০১৫-১৬ (নবায়নকৃত) শিক্ষাবর্ষ এবং ২০২১ সালের প্রাইভেট পরীক্ষার্থীদের জন্য ২০২১ সালের পুনর্বিন্যাসকৃত সিলেবাস ও সময় বন্টন অনুযায়ী সৃজনশীল পদ্ধতিতে প্রশ্নপত্র প্রণীত হবে। |
| ইসলাম শিক্ষা | ইসলাম শিক্ষা ১ম ও ২য় পত্রে ২০১৯-২০, ২০১৮-১৯, ২০১৭-১৮, ২০১৬-১৭, ২০১৫-১৬ (নবায়নকৃত) শিক্ষাবর্ষ এবং ২০২১ সালের প্রাইভেট পরীক্ষার্থীদের জন্য ২০২১ সালের পুনর্বিন্যাসকৃত সিলেবাস ও সময় বন্টন অনুযায়ী সৃজনশীল পদ্ধতিতে প্রশ্নপত্র প্রণীত হবে। |
| আরবি, লঘু সংগীত, উচ্চাঙ্গ সংগীত | আরবি, লঘু সংগীত,উচ্চাঙ্গ সংগীত ১ম ও ২য় পত্রে ২০১৯-২০ শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের জন্য ২০২১ সালের পুনর্বিন্যাসকৃত সিলেবাস অনুযায়ী প্রশ্নপত্র প্রণীত হবে। |
| গৃহ ব্যবস্থাপনা ও পারিবারিক জীবন, খাদ্য ও পুষ্টি, শিশু বিকাশ | গৃহ ব্যবস্থাপনা ও পারিবারিক জীবন, খাদ্য ও পুষ্টি, শিশু বিকাশ ১ম ও ২য় পত্রে ২০১৯-২০, ২০১৮-১৯ ও ২০১৭-১৮ শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের জন্য ২০২১ সালের পুনর্বিন্যাসকৃত সিলেবাসও সময় বন্টন অনুযায়ী সৃজনশীল পদ্ধতিতে প্রশ্নপত্র প্রণীত হবে |

(বি:দ্রঃ একজন নিয়মিত পরীক্ষার্থী গ্রুপ ভিত্তিক ০৩টি নৈর্বাচনিক বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করবে। আবশ্যিক বিষয় ও ৪র্থ বিষয়-এর কোন পরীক্ষা অনুষ্ঠিত হবে না।)

১৩. **সকল প্রকার পরীক্ষার্থীর বোর্ড ফি এর হার নিম্নোক্ত ছকে দেয়া হলো :**

| পরীক্ষার্থীর প্রকার | পরীক্ষার ফি (প্রতি পত্র) | ব্যবহারিক নম্বর প্রক্রিয়াকরণ ফি (প্রতি পত্র) | একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি (প্রতি পরীক্ষার্থী) | সনদ ফি (প্রতি পরীক্ষার্থী) | অনিয়মিত ফি (প্রতি পরীক্ষার্থী) | অনুমতি/ তালিকাভূক্ত ফি (প্রতি পরীক্ষার্থী) | রোভার স্কাউট/গার্লস গাইড ফি (প্রতি পরীক্ষার্থী) | জাতীয় শিক্ষা সপ্তাহ ফি (প্রতি পরীক্ষার্থী) |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| নিয়মিত পরীক্ষার্থী | ১০০/- | ৫/- | ৫০/- | ১০০/- | | | ১৫/- | ৫/- |
| অনিয়মিত পরীক্ষার্থী যারা ইতোপূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করেনি | ১০০/- | ৫/- | ৫০/- | ১০০/- | ১০০/- | | ১৫/- | ৫/- |
| অনিয়মিত পরীক্ষার্থী যারা ইতোপূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করেছে | ১০০/- | ৫/- | ৫০/- | | ১০০/- | | ১৫/- | ৫/- |
| জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী | ১০০/- | ৫/- | ৫০/- | ১০০/- | | ১০০/- | ১৫/- | ৫/- |
| প্রাইভেট পরীক্ষার্থী | ১০০/- | ৫/- | ৫০/- | ১০০/- | | ১০০/- | ১৫/- | ৫/- |
| আবশ্যিক বিষয়ের অকৃতকার্য আংশিক পরীক্ষার্থী | | | ৫০/- | | ১০০/- | | ১৫/- | ৫/- |

অন্যান্য ফি এর হার (যাদের বেলায় প্রযোজ্য) :
(ক) রেজিস্ট্রেশন নবায়ন ফি প্রতি পরীক্ষার্থী ১০০/- (একশত টাকা)।
(খ) প্রাইভেট পরীক্ষার্থীদের ফি : প্রাইভেট পরীক্ষার্থীর ব্যবস্থাপনা ফি (প্রতি পরীক্ষার্থী) ১০০/- (একশত টাকা)।

১৪. **কেন্দ্র ফি সংক্রান্ত :**

(ক) এইচএসসি পরীক্ষার কেন্দ্র ফি জন প্রতি ৩০০/-(তিনশত টাকা)। (কেন্দ্র ফি থেকে ট্যাগ অফিসারের সম্মানী ও অন্যান্য ব্যয় নির্বাহ করতে হবে)। আদায়কৃত কেন্দ্র ফি হতে প্রত্যেক প্রতিষ্ঠান ১০% টাকা নিজস্ব ব্যয়ের জন্য রেখে অবশিষ্ট ৯০% টাকা পরীক্ষা কেন্দ্রের ব্যয়ভার নির্বাহের জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তাকে প্রদান করতে হবে।

(খ) ব্যবহারিক প্রতি পত্রের জন্য ব্যবস্থাপনা ফি ০৫/-(পাঁচ) টাকা (ব্যবহারিক প্রতি পত্রের জন্য ব্যবস্থাপনা ফি ০৫/-এর ৪০% বা ২ টাকা প্রতিষ্ঠান এবং ৬০% বা ৩ টাকা কেন্দ্র ব্যয় করবে)।

(গ) এইচএসসি পরীক্ষার ব্যবহারিক নোটবুক মূল্যায়ন ফি পত্র প্রতি ০৫/-(পাঁচ) টাকা (প্রতিষ্ঠান সংশ্লিষ্ট বিষয়ের শিক্ষককে প্রদান করবেন)।
বি:দ্র: কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ দিয়ে সংশ্লিষ্ট কেন্দ্র/কলেজ কর্তৃপক্ষ তত্ত্বীয় পরীক্ষার যাবতীয় ব্যয় নির্বাহ করবেন। বোর্ড অফিস হতে সাদা উত্তরপত্র এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য সাজসরঞ্জাম সংগ্রহ করার জন্য প্রয়োজনীয় খরচ কেন্দ্র ফি হতে বহন করতে হবে। অর্থাৎ পরীক্ষা কেন্দ্রের যাবতীয় ব্যয় কেন্দ্র ফি হতে সংকুলান করতে হবে।

(ঘ) **শুধু আবশ্যিক বিষয়ের অকৃতকার্য আংশিক পরীক্ষার্থীদের কেন্দ্র ফি প্রদান করতে হবেনা। তবে অবশ্যই ফরমপূরণ করতে হবে।** আংশিক বিষয়ের অকৃতকার্য পরীক্ষার্থী এক/দুই বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ না করে নিয়মিত পরীক্ষার্থীর ন্যায় গ্রুপ ভিত্তিক তিনটি নৈর্বাচনিক বিষয়ের পরীক্ষার জন্য ফরম পূরণ করলে বা শুধু একটি/দুইটি নৈর্বাচনিক বিষয়ের পরীক্ষার জন্য ফরম পূরণ করলে সেক্ষেত্রে কেন্দ্র ফি প্রদান করতে হবে।

১৫. **নিয়মিত শিক্ষার্থী প্রতি ফরম পূরণ ফি নিম্নলিখিত হারে নির্ধারণ করা হয়েছে :**

| ক্রমিক | বিবরণ | বিজ্ঞান শাখা | মানবিক শাখা | ব্যবসায় শিক্ষা শাখা |
|---|---|---|---|---|
| ১ | বোর্ড ফি | ৮০০.০০ | ৭৭০.০০ | ৭৭০.০০ |
| ২ | কেন্দ্র ফি (ব্যবহারিক সহ) | ৩৬০.০০ | ৩০০.০০ | ৩০০.০০ |
| | সর্বমোট = | ১১৬০.০০ | ১০৭০.০০ | ১০৭০.০০ |

বিশেষ দ্রষ্টব্য : মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখায় কোন পরীক্ষার্থীর নৈর্বাচনিক বিষয়ে ব্যবহারিক পরীক্ষা থাকলে বিষয় প্রতি আরও ৩০.০০ ( ত্রিশ) টাকা যোগ হবে। (৩০/-এর বিভাজন- বিষয় প্রতি বোর্ড ফি ১০/-, কেন্দ্র ফি ১০/- এবং ব্যবহারিক নোটবুক মূল্যায়নের জন্য সংশ্লিষ্ট বিষয়ের শিক্ষক পত্র প্রতি ৫+৫= ১০/-টাকা প্রাপ্য হবেন।)

** **বর্ণিত Online পেমেন্ট সিস্টেমে পরীক্ষার্থীর ফরম পূরণ বাবদ বোর্ড ফি, কেন্দ্র ফি ও প্রতিষ্ঠানের পাওনাসহ সর্বমোট ফি শিক্ষার্থী, অভিভাবক, প্রতিষ্ঠান প্রধান ও বোর্ড কর্তৃপক্ষ সিস্টেম হতেই জানতে পারবে। রেজিস্ট্রেশন কার্ডে উল্লেখিত সেশন (১ম ও ২য় বর্ষ মিলে সর্বমোট ২৪ মাস অর্থাৎ ০১ জুলাই ২০১৯ হতে ৩০ জুন ২০২১ পর্যন্ত ) এর বাইরে বেতন/ফি বা অন্য কোন ফি আদায় করা যাবে না।**

** **কোন অবস্থাতেই নির্ধারিত ফি এর অতিরিক্ত অর্থ আদায় করা যাবে না। এ সংক্রান্ত কোন তথ্য দৃষ্টিগোচর হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ফরম পূরণ প্যানেল বন্ধ করাসহ প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।**

**১৬. পরীক্ষার ফি (বোর্ড ফি, কেন্দ্র ফি ও প্রতিষ্ঠানের পাওনাদি) বোর্ড ও প্রতিষ্ঠানে প্রেরণ সংক্রান্ত :**

(১) প্রত্যেক প্রতিষ্ঠানকে নির্ধারিত সময়ের মধ্যে প্রতিষ্ঠানের হুবহু ইংরেজি নামে নিকটস্থ সোনালী ব্যাংকে একাউন্ট করতে হবে এবং এ একাউন্ট নম্বরসহ অন্যান্য তথ্য বোর্ডের ওয়েবসাইটে প্যানেলের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে পাঠাতে হবে।

(২) ফরম পূরণ কার্যক্রম শেষে প্রতিষ্ঠানের নামে সোনালী ব্যাংকের নির্ধারিত একাউন্টে কেন্দ্র ফি ও প্রতিষ্ঠানের পাওনাদি স্বয়ংক্রিয়ভাবে চলে যাবে। পরবর্তীতে প্রতিষ্ঠানসমূহ নির্ধারিত কেন্দ্র ফি'র অংশ সংশ্লিষ্ট কেন্দ্রকে প্রদান করবে।

(৩) ফরম পূরণ কার্যক্রম শেষে বোর্ডের নামে সোনালী ব্যাংকের নির্ধারিত একাউন্টে বোর্ড ফি স্বয়ংক্রিয়ভাবে জমা হবে।

(৪) Online এ পরীক্ষার্থীদের ফরম পূরণ কার্যক্রম শেষ হওয়ার পর প্রতিষ্ঠান "Payment Statement" বাঁটনে Click করে বোর্ড ফি, কেন্দ্র ফি এবং প্রতিষ্ঠানের পাওনার আলাদা আলাদা হিসাবের একটি স্টেটমেন্ট প্রিন্ট করতে পারবে।

(৫) কোন কারণে পরীক্ষা অনুষ্ঠিত না হলে ২০২০ সালের এইচএসসি'র অনুরূপ ফরম পূরণের অর্থ ফেরত দেয়া হবে।

(৬) এই বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখের পর কোনক্রমেই পরীক্ষার ফি ও অন্যান্য কাগজপত্র গ্রহণ করা হবে না।

**১৭. হেল্প লাইন (HelpLine):**

(ক) বোর্ডের হেল্প লাইন-এ যোগাযোগের জন্য ফোন নম্বর– ০৭২১-৭৭২৬৫৮, ০১৫৫২-৩৬১৯২০, ০৭২১-৭৭৫৯৬৮, ০১৫৫৩-৪৩০৬৫২, ০১৯১৬-১৪৯৮১৩, ০৭২১-৭৭৬২৩১, ০১৭১২-১৫১৪৭৭, ০৭২১-৭৭৫৯২১, ০১৭৫৪-১২১২১০, ০১৭১২-৪৯৯৫৮১

(খ) প্রতিষ্ঠানের সাথে যোগাযোগের জন্য ফোন নম্বর-০১৩০৯[EIIN] (যেমন-০১৩০৯ এর সাথে প্রতিষ্ঠানের ৬ ডিজিটের EIIN নম্বর। অর্থাৎ কোন প্রতিষ্ঠানের EIIN নম্বর যদি ৮৮৮৮৮৮ হয় তবে প্রতিষ্ঠানের মোবাইল নম্বর হবে ০১৩০৯৮৮৮৮৮৮)

** যে কোন জরুরী প্রয়োজনে বোর্ড কর্তৃপক্ষ, পরীক্ষার্থী/অভিভাবক, মোবাইল অপারেটর কর্তৃপক্ষ বা সোনালী ব্যাংক কর্তৃপক্ষ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাথে যোগাযোগের জন্য বোর্ড থেকে সরবরাহকৃত ০১৩০৯[EIIN] মোবাইল নম্বর ব্যবহার করবে। একারণে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বোর্ড থেকে সরবরাহকৃত ০১৩০৯[EIIN] নম্বর অবশ্যই সচল রাখতে হবে।

(গ) বোর্ডের কম্পিউটার শাখার যোগাযোগের জন্য ফোন নম্বর- ০৭২১-৭৭২৬৫৮, ০১৫৫২-৩৬১৯২০, ০৭২১-৭৭৫৯৬৮, ০১৫৫৩-৪৩০৬৫২, ০১৯১৬-১৪৯৮১৩

(ঘ) সোনালী ব্যাংকের হেল্প লাইন-০১৭০৮-৪৯৮১৬১, ০১৭১৩-২০৬৮৬৩

১৮. **অন্যান্য বিষয় সংক্রান্ত**

(ক) অবৈধ রেজিস্ট্রেশন, বোর্ডের অনুমতি ছাড়া অবৈধভাবে প্রতিষ্ঠান বদলি ও অভিযুক্ত হওয়ার কারণে কোন শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। এ ছাড়াও অন্য যে কোন ধরনের অবৈধ শিক্ষার্থীকে পরীক্ষায় অবতীর্ণ হওয়ার অনুমতি দিলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।

এ বিজ্ঞপ্তিতে উল্লিখিত ২০২১ সালের এইচএসসি পরীক্ষা সংক্রান্ত নিয়মাবলি সঠিকভাবে অনুসরণ করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য সকল প্রতিষ্ঠান প্রধান এবং সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

চেয়ারম্যানের আদেশক্রমে

৩১/০৭/২০২১

**মো. আরিফুল ইসলাম**
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
টেলিফোন নম্বর ০৭২১-৭৭৬২৩১
controller@rajshahieducationboard.gov.bd

স্মারক নম্বর- রাশিবো/উমা/১-১০(২য় খন্ড)/পনি-৫৯৩(১২০০)

তারিখ: ১৬ শ্রাবণ ১৪২৮ বঙ্গাব্দ
৩১ জুলাই ২০২১ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ;
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা ;
৩. কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী ;
৪. ডি.আই.জি অব পুলিশ, রাজশাহী বিভাগ ;
৫. পুলিশ কমিশনার, আর.এম.পি. রাজশাহী ;
৬. জেলা প্রশাসক, রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট ;
৭. আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, রাজশাহী অঞ্চল, রাজশাহী ;
৮. পুলিশ সুপার, রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট জেলা ;
৯. পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/যশোর/কুমিল্লা/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/দিনাজপুর/বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড ;
১০. উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী ;
১১. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী ;
১২. মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী-এর সকল কর্মকর্তা ;
১৩. অধ্যক্ষ, রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন উচ্চ মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানে ;
১৪. মাননীয় শিক্ষা মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৫. মাননীয় শিক্ষা উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৬. রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট জেলার আওতাধীন সকল উপজেলা নির্বাহী অফিসার ;
১৭. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, গ্রেটার রোড শাখা, রাজশাহী ;
১৮. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী ;
১৯. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী ;
২০. ভারপ্রাপ্ত কর্মকর্তা, চিঠিপত্র গ্রহণ শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী এবং
২১. গার্ড ফাইল।

৩১/০৭/২০২১

**লিটন সরকার**
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক(উমা)
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
টেলিফোন নম্বর : ০৭২১-৭৭ ৫৯ ২১ (অফিস)
dch@rajshahieducationboard.gov.bd